

2022

M.A.

2nd Semester Examination (CCAIE)

BENGALI

PAPER—BNG-203

রবীন্দ্র সাহিত্য পাঠ

Full Marks : 40

Time : 2 Hours

*The figures in the margin indicate full marks.*

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

বিভাগ — ক

যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

8×2

- ১। 'শ্যামলী' কাব্যটি কবে প্রকাশিত হয়েছিল? কবি গ্রন্থটি কাকে উৎসর্গ করেছিলেন?

(Turn Over)

- ২। ‘শ্যামলী’ কাব্য গ্রন্থে প্রধানত কোন্ কোন্ শ্রেণীর কবিতা আছে? প্রত্যেক শ্রেণী থেকে একটি করে কবিতার নামোল্লেখ করুন।
- ৩। কোথায় থাকাকালীন রবীন্দ্রনাথ ‘রক্তকরবী’ নাটকটি লেখেন? নাটকটি কবে কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?
- ৪। জ্যাঠামশাই ঈশ্বর-বিশ্বাসীর সঙ্গে কোন্ পদ্ধতিতে তর্ক করতেন?
- ৫। নবীন কে? তার স্ত্রী আত্মহত্যার কারণ কী?
- ৬। ‘একরাত্রি’ গল্পের নায়ক জীবনে কী হতে চেয়েছিল? কিন্তু শেষ পর্যন্ত সে কী হয়েছিল?

বিভাগ — খ

যেকোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৪×৪

৭। “ওগো বাঁশিওয়ালা,

সে থাক তোমার বাঁশি সুরের দূরত্বে।”

— এই দূরত্বে থাকতে চাওয়ার তাৎপর্য কী?

৮। “আমি তোমার কারিগরের দোসর

কথা ছিল তোমার রূপের পরে মনের তুলি

আমিও দেব বুলিয়ে, ...”

— উদ্ধৃতাংশটি ব্যাখ্যা করুন।

৯। ‘রক্তকরবী’ নাটকের মূল অন্তর্নিহিত তত্ত্বটি সংক্ষেপে উপস্থাপিত করুন।

১০। ‘চতুরঙ্গ’ উপন্যাসের লীলানন্দ স্বামীর গুরুজী সত্তার সংক্ষিপ্ত পরিচয় দিন।

১১। ‘চতুরঙ্গ’ উপন্যাসের গঠন বৈশিষ্ট্য সংক্ষেপে আলোচনা করুন।

১২। “একটি সামান্য গ্রাম্য বালিকার করুণ মুখচ্ছবি যেন এক বিশ্বব্যাপী বৃহৎ অব্যক্ত মর্মব্যথা প্রকাশ করিতে লাগিল।” — প্রসঙ্গ নির্দেশ করে উদ্ধৃতাংশটি ব্যাখ্যা করুন।

বিভাগ — গ

যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

২×৮

১৩। শ্যামলী কাব্যের ‘আমি’ কবিতাটির বিশ্লেষণ করুন।

- ১৪। রূপ-সাংকেতিক নাটক হিসেবে 'রক্তকরবী'র সার্থকতা বিচার করুন।
- ১৫। 'চতুরঙ্গ' উপন্যাসের দামিনী চরিত্রটি বিশ্লেষণ করুন।
- ১৬। 'কাবুলিওয়ালা' গল্পে রহমতের মধ্যে নিখিল বিশ্বের তাবৎ পিতৃহৃদয়ের মর্মব্যথার প্রতিবিশ্বনে গল্পকারের কৃতিত্ব বিচার করুন।
-